একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হইবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিভিল সার্জনের কার্যালয়,পিরোজপুর।

www.cs.dghs.gov.bd

স্মারক নং-সিএস/পিরোজপুর/প্রশাসন/৩য় শ্রেণীর জনবল পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি-২০২৫/৮২৭ তারিখঃ- ০৮/০৫/২০২৫ইং

**"পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি"**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.২৩-১৩৯ তারিখ ১৬/০১/২০২৫ ইং মূলে ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জন এর কার্যালয়, পিরোজপুর ও এর নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে স্থায়ী রাজস্ব খাতের ১১ থেকে ২০ গ্রেড (পূর্বতন ৩য় শ্রেণী) নিম্নলিখিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্ত স্বাপেক্ষে http://cspirojpur.teletalk.com.bd ওয়েব সাইটে অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | পরিসংখ্যানবিদ | ০৫টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে।<br>খ) কম্পিউটার ব্যবহরের অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে। | শুধুমাত্র পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ২ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ন হতে হবে।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত।<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ।<br>ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং ডাটা এন্ট্রি ও টাইপিংসহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে। | |
| ৩ | ষ্টোর কিপার | ০৫টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটার ব্যবহরের অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে।<br>গ) ষ্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি মোতাবেক জামানত প্রদান করতে হবে। | |
| ৪ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং ডাটা এন্ট্রি ও টাইপিংসহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে।<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজীতে ২০ এবং বাংলায় ২০ শব্দ। | |
| ৫ | স্বাস্থ্য সহকারী | ৭৪টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |
| ৬ | ড্রাইভার | ০২টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) বাংলদেশ সড়ক পরবিহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হালকা / ভারী যানবাহন চালনায় হালনাগাদ বৈধ লাইসেন্স থাকতে হবে।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন এবং এস.এস.সি পাশ প্রার্থীকে অগ্রাধীকার দেয়া হবে। | |

আবেদনের শর্ত ও নির্দেশনাবলী :

১. প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৩. আবেদনকারীর বয়স ৩০/০৪/২০২৫ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর (জনপ্রশাসন মন্ত্রনালয় বিধি-১ শাখা এর ২৩ জুলাই ২০২৪ মোতাবেক সকল গ্রেডে নির্ধারিত কোটা পদ্ধতি অনুসরন করা হবে)। উল্লেখ্য যে, বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি সনদ (আবশ্যিক) এবং জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখ বিবেচনা করা হবে।

৪. সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহন করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। আবেদনপত্রে, লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

৫. স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃঅধিঃপ্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪ তারিখ ১১/১২/২০১৮ইং এবং স্মারক নং-সিএস/পিরোজপুর/প্রশাসন/৩য় শ্রেণীর জনবল নিয়োগ বিজ্ঞপ্তি-২০২৪/৫৫৬ তারিখ ২৪/৪/২০২৪ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে আবেদন করেছেন তাদের আর পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহন যোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গ্রহণযোগ্য হবে। তারা বর্তমানে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহন করতে পারবেন এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশ পত্র ইস্যু করা হবে।

৬. যারা স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃঅধিঃপ্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪ তারিখ ১১/১২/২০১৮ইং তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করেছিলেন তাদের প্রবেশপত্র ডাউনলোডের ক্ষেত্রে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ০৩(তিন) দিন পূর্বে অবশ্যই প্রবেশপত্র ডাউনলোড করতে হবে। অন্যথায় প্রবেশপত্র ডাউনলোড করার ক্ষেত্রে আর কোন অপশন থাকবে না। উল্লেখ্য যে, প্রবেশপত্র ডাউনলোডের ক্ষেত্রে যদি বিজ্ঞপ্তির চাহিত ছবি এবং স্বাক্ষর যথাযথ এবং স্পষ্ট না হয় তবে প্রযোজ্য ক্ষেত্রে পুনরায় ছবি এবং স্বাক্ষর আপলোড করতঃ প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. পরিসংখ্যানবিদ, সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ষ্টোর কিপার, স্বাস্থ্য সহকারী, ড্রাইভার পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী নিয়োগ বিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহনে যোগ্য হবেন। চুড়ান্ত নির্বাচিত স্টোর কিপার পদধারীগণকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে।

৮. আবেদনকারীকে তার সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি তার আবেদনে উল্লেখ করতে হবে।

৯. সরকারী/আধা- সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারী বিধিবিধান অনুসরন পূর্বক নির্ধারিত বয়সসীমার মধ্যে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (এনওসি) এর মুল কপি বাধ্যতামুলক জমা দিতে হবে ।

১০. নিয়োগ ও কোটা নির্ধারনীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান প্রতিপালিত হবে।

১১. স্বাস্থ্য সহকারী পদের (ক্রমিক নং- ৫) ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের স্থায়ী (পুরাতন) বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ ও আবেদন করতে পারবেন (এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদন পত্রে উল্লেখ করতে হবে) তবে সংশ্লিষ্ট শূন্য পদের ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হিসাবে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে।

১২. প্রার্থী কর্তৃক আবেদন পত্রে বর্নিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্নিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তীত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয় পত্র (NID) ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

১৩. স্বাস্থ্য সহকারী শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিক) সিভিল সার্জন অফিস, পিরোজপুর এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে পাওয়া যাবে।

১৪. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহন করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিক বার ফরম পূরন করে একাধিক প্রবেশপত্র গ্রহন করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যহার করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১৫. কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

১৬. অনলাইনে আবেদন পত্র পূরন সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও সময়সীমা নিম্নরুপ :

ক) পরীক্ষায় অংশগ্রহন ইচ্ছুক ব্যক্তিগত (http://cspirojpur.teletalk.com.bd) ওয়েব সাইডে আবেদন পত্র পূরন করতে পারবেন। ওয়েব সাইডে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরন করতে হবে।

খ) অনলাইন (Online)-এ আবেদনপত্র পূরন ও আবেদন ফি জমাদানের শুরুর তারিখ ও সময় ১৪ মে, ২০২৫ইং সকাল ১০.০০ ঘটিকা।

গ) অনলাইন (Online)-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৬ জুন, ২০২৫ইং বিকাল ৫.০০ ঘটিকা।

ঘ) উক্ত সময় সীমার মধ্যে ইউজার আইডি (User ID) প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে (Online) আবেদনপত্র সাবমিট এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তুর) ঘন্টার মধ্যে এস.এমএস (SMS) এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৭. অনলাইনে (Online) আবেদন পত্রে প্রার্থীতার রঙ্গিন ছবি (দৈঘ্য ৩০০ Pixel প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈঘ্য ৩০০ Pixel প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড (Upload) করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

১৮. অনলাইন (Online) আবেদন পত্রে পূরনকৃত তথ্যই যেহেতু সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু অনলাইনে আবেদন পত্র সাবমিট (Submit) করার পূর্বেই পূরনকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৯. প্রার্থী অনলাইনে (Online) পূরনকৃত আবেদনপত্রের ০১টি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় ০১ কপি জমা দিবেন।

২০. এস.এম.এস (SMS) প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ;

অনলাইন (Online) আবেদন পত্র (Application From) যথাযথভাবে পূরন করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর আপলোড (Upload) করে আবেদন পত্র সাবমিট (Submit) করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ এ্যাপলিকেশন প্রিভিউ (Application Preview) দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন পত্র সাবমিট (Submit) করা প্রার্থী একটি ইউজার আউডি ,ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি এ্যাপ্লিক্যান্টস কপি (Applicant's Copy) প্রার্থী ডাউনলোড (Download) পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষন করবেন। এ্যাপ্লিক্যান্টস কপিতে (Applicant's Copy) একটি ইউজার আইডি (User ID) নম্বর দেওয়া থাকবে এবং ইউজার আইডি (User ID) ব্যবহার প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নাম্বারের মাধ্যমে ০২(দুই)টি এসএমএস (SMS) করে পরীক্ষার ফি বাবদ ১নং থেকে ৬নং ক্রমিকে বর্নিত পদের জন্য ১০০/-(একশত) টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকা সর্বমোট (অফেরৎযোগ্য) ১১২/-(একশত বারো) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য অনলাইনে (Online) আবেদন পত্রের সকল অংশ পূরন করে সাবমিট (Submit) করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইনের (Online) আবেদপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম (SMS) :

CSPIROJPUR<SPACE>USER ID

Example : CSPIROJPUR ABCDEF লিখে SEND করতে হবে 16222 নম্বরে

Reply : Appliant's Name, TK. 112/- will be charged as application fee, Your PIN is XXXXXX

দ্বিতীয় (SMS) :

CSPIROJPUR<SPACE> YES <SPACE> PIN লিখে SEND করতে হবে 16222 নম্বরে

Example : CSPIROJPUR YES 12345678 লিখে SEND করতে হবে 16222 নম্বরে

Reply SMS : Congratulation ! Applicant's Name, Payment Completed Successfully for CSPIROJPUR Application for (post name) User ID is (ABCDEF) and Password XXXXXX

২১. প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি (http://cspirojpur.teletalk.com.bd) ওয়েব সাইডে এবং প্রার্থীর মোবাইল ফোনে এস.এম.এস (SMS) এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) জানানো হবে। অনলাইনে (Online) আবেদন পত্রের প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগযোগ করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা এস.এম.এস (SMS) পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরন করা বাঞ্চনিয়।

২২. এস.এম.এস (SMS) প্রেরিত ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড (Download) পূর্বক রঙ্গিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্র টি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময় এবং উত্তীর্ন হলে ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২৪. শুধুমাত্র টেলিটক প্রিপেইড (Prepaid) মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্নিত এসএমএস (SMS) পদ্ধতি অনুসরন করে নিজ নিজ ইউজার আইডি (User ID) এবং পাসওয়ার্ড (Password) পুনরুদ্ধার করতে পারবেন।

ক) ইউজার আইডি জানা থাকলে ;

CSPIROJPUR<SPACE>Help< SPACE>USER< SPACE >USER ID & SEND করতে হবে ১৬২২২ .
Example : CSPIROJPUR HELP USER 123456 & SEND করতে হবে ১৬২২২ .

খ) পিন নম্বর জানা থাকলে ;

CSPIROJPUR<SPACE>Help< SPACE>PIN>SPACE>PIN NUMBER & SEND করতে হবে ১৬২২২ .
Example : CSPIROJPUR HELP PIN 123456 & SEND করতে হবে ১৬২২২ .

২৪. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সিভিল সার্জন কার্যালয়ের ওয়েবসাইড (http://cs.pirojpur.gov.bd) এবং ফেইসবুক পেইজ (https://www.facebook.com/csopiroj) পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ সময় ও অন্যান্য তথ্য (http://cs.pirojpur.gov.bd) ওয়েব সাইড ও ফেইসবুক পেইজ (https://www.facebook.com/csopiroj) হতে জানা যাবে।

২৫. অনলাইনে (Online) আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা (http://alljobs.query@teletalk.com.bd) অথবা (http://cs.pirojpur.gov.bd) অথবা http://facebook.com/alljobsbdTeletalk এ এসএমএস (SMS), মেইল (Mail) মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/Message এর সাবজেক্ট (Subject) এ অবশ্যই প্রতিষ্ঠানের নাম (Organization Name; CSPIROJPUR, POST NAME **** Application's user ID & Contact Number) , পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

২৬. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা যাবে।

২৭. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্নিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে ;

প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ন হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামুলকভাবে প্রদর্শন করতে হবে এবং ০১(এক)সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী প্রথম শ্রেনীর (নাম ও পদবী উল্লেখসহ সীল মোহর) কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদ/প্রত্যয়নপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র।

গ) চাকুরীর আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচায়পত্র/জন্মনিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র /সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তা ইত্যাদি সনদপত্র।

ঘ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/ প্রমানক। বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরঙ্গনা কোটার আবেদনকারী-কে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যানের সনদ থাকতে হবে।

চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের ৩১/০৮/২০২৩খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরঙ্গনার সন্তান মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তীর আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের ওয়েব সাইডে (www.molwa.gov.bd ) প্রকাশিত সমন্বিত তালিকা ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্ট এর ওয়েব সাইডে (http://bffwt.gov.bd) বিদ্যমান টি.এম.আই.এস - এ প্রকাশিত নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসাবে বিবেচিত হবে। এক্ষেত্রে বীরমুক্তিযোদ্ধার জন্মতারিখ ৩০ মে, ১৯৫৯ অর্থাৎ ১৯৭১ সালে ৩০ নভেম্বর তারিখে ১২ বছর ০৬মাস কিংবা তার পূর্বে হতে হবে।

ছ) বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরঙ্গনার সন্তান হিসাবে চাকুরী প্রার্থীকে নিম্নবর্নিত ছক পূরন করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে ;

| প্রাথীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরঙ্গনার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরঙ্গনার নাম রয়েছে তার বিবরণ | প্রার্থীর সহিত বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরঙ্গনার সহিত সম্পর্ক উল্লেখ করতে হবে | বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরঙ্গনার জন্মতারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্মনিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ ;<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্মতারিখ ;<br>৩। এস.এস.সির সনদ অনুযায়ী জন্মতারিখ ;<br>৪। জন্মনিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন অনুযায়ী জন্মতারিখ। | |

জ) ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠী (উপজাতী) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিস্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

ঝ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিস্ট কর্তৃপক্ষ কর্তৃক (জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক) প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদপত্র।

ঞ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমানক।

ট) ডাউনলোডকৃত (Download) Applicant's Copy & Admit Card এর সত্যায়িত কপি।

২৮. প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

২৯. সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এ ছাড়া নিয়োগের পূর্বে ডোপ টেষ্ট (Dope Test) করা হবে। ডোপ টেষ্ট (Dope test) এ কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৩০. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্নিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩১. যে কোন তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করার পরামর্শ দেয়া যাচ্ছে।

(ডাঃ মোঃ মতিউর রহমান)
সিভিল সার্জন, পিরোজপুর
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি।
perojpur@cs.dghs.gov.bd
ফোন : ০২৪৭৮৮৯০৪১৭

স্মারক নং-সিএস/পিরোজপুর/প্রশাসন/৩য় শ্রেণীর জনবল পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি-২০২৫/৮২৭/১(১০০) তারিখঃ- ০৮/০৫/২০২৫ইং

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন প্রেরন করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রনালয়, বাংলাদেশ সবিচালয়, ঢাকা। দৃষ্টি আঃ যুগ্মসচিব (প্রশাসন)
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব, প্রশাসন-১।
৩. সচিব, বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষন: সহকারী পরিচালক (সমন্বয়)
৫. পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল ও আহবায়ক; ১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি।
৭. জেলা প্রশাসক, পিরোজপুর। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার প্রতিষ্ঠানের ওয়েব সাইডে ও নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ)
৮. পুলিশ সুপার, পিরোজপুর। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার ওয়েব সাইডে ও নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ)
৯. সিভিল সার্জন (সকল), বরিশাল বিভাগ, বরিশাল।
১০. পরিচালক, এম.আই.এস ও লাইন ডাইরেক্টর, এইচ, আই, এস এন্ড ই-হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইডে প্রকাশের অনুরোধ সহ)।
১১. অধ্যক্ষ, সরকারী সোহরাওয়ার্দী কলেজ / পিরোজপুর সরকারি মহিলা কলেজ / আফতাব উদ্দিন কলেজ/ তেজদাকাঠী মহাবিদ্যালয়, পিরোজপুর।
১২. সিভিল সার্জন কাম-তত্ত্বাবধায়ক, জেলা হাসপাতাল, পিরোজপুর।
১৩. উপপরিচালক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ সরকারী কর্মকমিশন, বরিশাল।
১৪. উপপরিচালক, পরিবার পরিকল্পনা পিরোজপুর/ উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, পিরোজপুর।
১৫. জেলা শিক্ষা কর্মকর্তা, পিরোজপুর।
১৬. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, পিরোজপুর।
১৭. নির্বাহী প্রকৌশলী, গনপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/বি.টি.সি.এল, পিরোজপুর।
১৮. জেলা তথ্য কর্মকর্তা, জেলা তথ্য অফিস, পিরোজপুর। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ)
১৯. উপ-সচিব, প্রকল্প বাস্তবায়ন-১ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. মেয়র, পৌরসভা (সকল), পিরোজপুর। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ)
২১. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা/জেলা যুব উন্নয়ন অধিদপ্তর/জেলা সমাজসেবা অধিদপ্তর, পিরোজপুর।
২২. জেলা এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, পিরোজপুর।
২৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), পিরোজপুর। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ)
২৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), পিরোজপুর। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ)
২৫. উপজেলা এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা (সকল), পিরোজপুর।
২৬. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমারশিয়াল কমপ্লেক্স ১১তলা, হোল্ডিং #৩/এ, ৫/এ, ৭/এ রোড নং-১৭ গুলশান-১, ঢাকা-১২১২। (উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
২৭. পরিসংখ্যানবিদ, অত্র কার্যালয়, পিরোজপুর। (বিজ্ঞপ্তিটি ই-মেইল/অফিসের ওয়েব সাইট/ অফিসের ফেইসবুক পেইজে-এ ব্যাপক প্রচারের জন্য বলা হইল।)
২৮. নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
২৯. অফিস নথি।

(ডাঃ মোঃ মতিউর রহমান)
সিভিল সার্জন, পিরোজপুর
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি।